দৈনিক বাংলা
তারিখ ০৮ MAY 1990
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৩

০৫

# জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ হবে ঃ কাজী জাফর

।। স্টাফ রিপোর্টার ।।

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ ঘোষণা করেছেন যে, সরকার শিক্ষার উন্নয়নে সমাজের সকল স্তরের প্রতিনিধিদের নিয়ে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠন করবেন।

তিনি "দুই হাজার সাল নাগাদ

(শেষ পৃঃ ২—এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

সবার জন্যে শিক্ষার" লক্ষ্য অর্জনে চারটি কর্মসূচীরও ঘোষণা দেন। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্রের সমস্যা সনাতন পন্থায় নয়-চ্যালেঞ্জের মনোভাব নিয়ে সমাধান করতে হবে। তিনি এ জন্যে জাতীয় ঐকমত্য সৃষ্টিরও আহবান জানান।

তিনি গতকাল বিকালে জাতীয় শিক্ষা সপ্তাহ '৯০-র পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, শিক্ষা সচিব আ ন ম ইউসুফ এবং শিক্ষা সপ্তাহ সংগঠনিক কমিটির সদস্য সচিব আবদুল্লাহ হারুন পাশা।

শিক্ষা ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের জন্যে এ বছর দেশের ৪১ জন শিক্ষক, ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান এবং তিনজন শিক্ষা প্রশাসককে পুরস্কৃত করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে কলেজ বিশ হাজার, স্কুল ও মাদ্রাসাকে পনের হাজার টাকা এবং একটি করে সনদপত্র দেয়া হয়। জাতীয় ভিত্তিতে অনুষ্ঠিত প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কাজী জাফর আহমদ তাঁর বক্তৃতায় বলেনঃ শিক্ষাকে অবহেলা করে জনসংখ্যা সমস্যা এবং জাতীয় উন্নয়ন সম্ভব নয়। আর এ জন্যে দ্রুতগতিতে শিক্ষাকে সামনে এগিয়ে নিতেহবে।

তিনি চারটি কর্মসূচীর ঘোষণা দিয়ে বলেন, এগুলো বাস্তবায়নের মাধ্যমেই শিক্ষার উন্নয়ন সম্ভব। কর্মসূচীগুলো হচ্ছেঃ বিলম্ব না করে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও অষ্টম শ্রেণী পর্যন্ত মেয়েদের অবৈতনিক শিক্ষা বাস্তবায়ন, শিক্ষক ও শিক্ষার্থীর সমস্যার সমাধান এবং শিক্ষাঙ্গনের নৈরাজ্য ও প্রশাসনের দুর্নীতি সমূলে উৎপাটন করা।

প্রধানমন্ত্রী আরও বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের জন্যে বড় বড় ভবন বা ইমারত তৈরীর অপেক্ষায় সমস্যা নিয়ে বসে থাকা যাবে না। দালান-কোঠা নির্মাণের পাশাপাশি শিক্ষার ক্ষেত্রে গুণগত পরিবর্তন আনতে হবে।

তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদ প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ঘোষণা করেছেন, যা গত একশ' সত্তর বছরেও হয়নি। তিনি নতুন বাংলাদেশ গড়ার কাজে ঝাঁপিয়ে পড়ার আহবানজানান।

শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার বলেন, এরশাদ সরকারের আগে কোন সরকারই শিক্ষার উন্নয়নে যথেষ্ট পদক্ষেপ গ্রহণ করেননি।